তারিখ 24 JUL 2016
পৃষ্ঠা ৭৬ কলাম ৯

দৈনিক
ইত্তেফাক

# ১৮ বছরেও এমপিওভুক্ত হলো না বাবুছড়ামুখ উচ্চ বিদ্যালয়

■ দীঘিনালা (খাগড়াছড়ি) সংবাদদাতা

খাগড়াছড়ির দীঘিনালা উপজেলার বাবুছড়ার দুর্গম অঞ্চলে প্রাকৃতিক মনোরম পরিবেশে অবস্থিত বাবুছড়ামুখ উচ্চ বিদ্যালয়টি দীর্ঘ ১৮ বছরেও এমপিওভুক্ত না হওয়ায় মানবেতর জীবন-যাপন করছেন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা। ১৯৯৮ সালে প্রতিষ্ঠিত বিদ্যালয়টি পাঠদান অনুমতি পায় ২০০০ সালে ও একাডেমিক স্বীকৃতি পায় ২০০৪ সালে। বর্তমানে বিদ্যালয়ে ১২ জন শিক্ষক ও ২ জন কর্মচারী এবং ৬৫০ জন শিক্ষার্থী পড়াশুনা করছে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুনীল কান্তি চাকমা জানান, ২০০৪ সালে শিক্ষা মন্ত্রণালয়ে এমপিওভুক্তির জন্য বিধিমোতাবেক আবেদন করি। এরপর থেকে প্রতি বছর আবেদন করি; কিন্তু ফল পাই না। তিনি আরো জানান, ২০১৬ সালে এসএসসি পরীক্ষায় পাসের হার শতকরা ৮১ ও জেএসসি পরীক্ষায় পাসের হার শতকরা ৯৮ জন। বিদ্যালয়ে কর্মরত অনেক শিক্ষকের বয়স হয়েছে। আর্থিক সংকটের কারণে উপযুক্ত বেতন-ভাতা দিতে না পারায় এখানকার শিক্ষকরা মানবেতর জীবন-যাপন করছে।

বিদ্যালয়ের সভাপতি কনকিন্ত চাকমা জানান, অনেকবার মন্ত্রণালয়ে এমপিওর জন্য ধরনা দিয়েছি; কিন্তু কোনো কাজ হয়নি। তবে শিক্ষকরা দীর্ঘ ১৮ বছর সরকারি অনুদান ছাড়া শিক্ষার্থীদের পাঠদান অব্যাহত রেখেছেন এটি সত্যিই প্রশংসনীয়।